# কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, রংপুর

পরিচালনায়: জেলা প্রশাসন, রংপুর

**স্থাপিতঃ ১৯৯৮ খ্রিঃ**

**ফোন ঃ 0258-9964713, কলেজ কোডঃ 5257, স্কুল কোড ঃ 5312, EIIN:127503, E-mail: principalcscr1998@gmail.com**

## ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

১। ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা এই প্রতিষ্ঠানে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে নিম্নোক্ত যোগ্যতা/শর্ত সাপেক্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য Online এর মাধ্যমে আবেদন করতে পারবে ঃ

| ক্রমিক | বিভাগ | ন্যূনতম জি.পি.এ | | অনুমোদিত আসন সংখ্যা | | বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে ন্যূনতম জি.পি.এ | |
|---|---|---|---|---|---|---|---|
| | | নিজ প্রতিষ্ঠান | অন্য প্রতিষ্ঠান | | | | |
| ক | বিজ্ঞান | ৪.৪৪ | ৪.৫০ | ৩৫০ | | বিজ্ঞান থেকে মানবিক | ৩.৫০ |
| খ | মানবিক | ৩.০০ | ৩.০০ | ১৮৫ | | বিজ্ঞান থেকে ব্যবসায় শিক্ষা | ৩.০০ |
| গ | ব্যবসায় শিক্ষা | ২.০০ | ২.০০ | ১৫০ | | ব্যবসায় শিক্ষা থেকে মানবিক | ৩.০০ |
| | | | | | | মানবিক থেকে ব্যবসায় শিক্ষা | ৩.০০ |
| **বিশেষ দ্রষ্টব্য ঃ ব্যবসায় শিক্ষা শাখায় শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিকভাবে বিশেষ সুযোগ সুবিধা প্রদান করা হবে।** | | | | | | | |

২। ভর্তির জন্য অনলাইন (www.xiclassadmission.gov.bd) ওয়েব সাইটের মাধ্যমে আবেদন করতে হবে। বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন ঃ www.cscr.edu.bd

৩। **কলেজ পছন্দক্রমের ক্ষেত্রে ঃ** কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, রংপুর-এ (EIIN - 127503, College Code: 5257) ভর্তিচ্ছু শিক্ষার্থীকে পছন্দক্রম তালিকায় অবশ্যই এই কলেজকে ০১(এক) নম্বরে রাখতে হবে।

৪। **বিভাগ নির্বাচনের ক্ষেত্রে ঃ**

ক. বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের যে কোন একটিতে আবেদন করতে পারবে। তবে বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা অন্য বিভাগে একবার ভর্তি হওয়ার পর পরবর্তীতে আর বিজ্ঞান বিভাগে প্রত্যাবর্তন করতে পারবে না।

খ. মানবিক বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের যে কোন একটিতে আবেদন করতে পারবে।

গ. ব্যবসায় শিক্ষা বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগের যে কোন একটিতে আবেদন করতে পারবে।

৫। **এই প্রতিষ্ঠানে পঠিতব্য বিষয়সমূহ ঃ**

**ক. বিজ্ঞান বিভাগ ঃ** বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, উচ্চতর গণিত, পরিসংখ্যান এবং কৃষি শিক্ষা।

**খ. মানবিক বিভাগ ঃ** বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ইতিহাস/ইসলামের ইতিহাস, পৌরনীতি ও সুশাসন/যুক্তিবিদ্যা/অর্থনীতি, ভূগোল, পরিসংখ্যান, কৃষি শিক্ষা এবং ইসলাম শিক্ষা।

**গ. ব্যবসায় শিক্ষা বিভাগ ঃ** বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, হিসাববিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, ফিন্যান্স ব্যাংকিং ও বিমা, অর্থনীতি, পরিসংখ্যান এবং কৃষি শিক্ষা।

৬। **মুক্তিযোদ্ধা ও শিক্ষা কোটায় আবেদনকারী শিক্ষার্থীদের ভর্তির সময় নথিপত্র জমাদান ঃ**

ক. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত হলে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে ইস্যুকৃত সনদের ফটোকপি এবং সন্তান প্রমাণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র জমা দিতে হবে।

খ. শিক্ষা কোটায় ($EQ_1$/$EQ_2$) নির্বাচিত হলে সন্তান প্রমাণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর দপ্তর প্রধানের প্রত্যয়ন পত্র জমা দিতে হবে।

৭। ভুল/অসত্য তথ্য প্রদান করে ভর্তি হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং ভর্তির টাকা ফেরত দেওয়া হবে না।

৮। শিক্ষা মন্ত্রণালয়/বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড/মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর কর্তৃক সর্বশেষ জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী অনলাইন ভর্তি কার্যক্রম চলমান থাকবে।

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)